

সভাপতিঃ ভূপালী সরকার

প্রশাসক

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

সভার স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর, ঝিকরগাছা, যশোর।

সভার তারিখঃ ০৬/১০/২০২৫ খ্রীঃ

সভার সময়ঃ বিকাল ৪:০০ ঘটিকা

উপস্থিতির তালিকাঃ সংযুক্ত (পরিশিষ্ট - ক তে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সাধারণ সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়। তিনি সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম সম্পর্কে বিস্তারিত উপস্থাপনের অনুরোধ জানান। সদস্য সচিব উপস্থিত সদস্যবৃন্দকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম বিস্তারিত তুলে ধরেন এবং বিগত সাধারণ সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতির পর্যায়	পরবর্তী করণীয়
১	উপজেলা প্রাণিসম্পদ অফিসার এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার তাদের নিজ নিজ দপ্তরের আলোচ্য বিষয়ের উপর অগ্রাধিকার প্রকল্প জমা দিবেন।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার তাদের নিজ নিজ দপ্তরের প্রকল্পের ব্যাপারে মাসিক সমন্বয় সভার মিটিংয়ে কার্যপত্র জমা দিয়েছেন এবং মিটিংয়ে উপস্থাপন করেছেন।	প্রকল্প অনুমোদনের পর বিধি মোতাবেক বাস্তবায়ন করা হবে।
২	প্রাণিসম্পদ দপ্তরের অভ্যন্তরীণ মাটি ভরাট, ড্রেজ নির্মাণ ও জনগণের চলাচলের রাস্তাটি সংস্কারকরণ	পৌর প্রশাসক, ঝিকরগাছা, যশোর মহোদয় সাময়িকভাবে পানি নিষ্কাশনের ত্বরিত ব্যবস্থা গ্রহণ করেন এবং মাটি ভরাটের ব্যবস্থা করবেন বলে জানান।	বাজেট বরাদ্দ এবং উপজেলা প্রাণিসম্পদ অফিসের সক্ষমতার ভিত্তিতে দপ্তরের অভ্যন্তরীণ মাটি ভরাট, ড্রেজ নির্মাণ ও রাস্তা সংস্কার করা হবে।

২। অন্যান্য আলোচ্য বিষয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা সার-সংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কতৃপক্ষ/ব্যক্তি
১	চলতি ২০২৫-২৬ অর্থবছরের জন্য উন্নয়ন প্রকল্প প্রণয়ন।	সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিসম্পদ দপ্তরের অনুকূলে গবাদিপ্রাণির এলএসডি (পক্স) ও ক্ষুরা রোগ এবং ছাগলের 'বোটল জ' রোগের মোকাবেলায় ঔষধ এবং ভ্যাক্সিন ক্রয় এবং মৎস্য দপ্তরের অনুকূলে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে মৎস্য চাষের প্রক্রিয়াকে সহজ ও উন্নত করার মাধ্যমে মৎস্য খামার যান্ত্রিকীকরণ সংক্রান্ত দুইটি প্রকল্প জমা দেয়া হয়েছে।	প্রকল্প অনুমোদনের ব্যাপারে সার্বিক সহায়তার জন্য প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয় কে বিশেষভাবে অনুরোধ করা হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিকরগাছা, যশোর। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ঝিকরগাছা, যশোর।
২	প্রাণিসম্পদ দপ্তরের জন্য নামসম্বলিত একটি গেইট নির্মাণ	সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, তাঁর দপ্তরটি উপজেলা পরিষদ থেকে দূরে আলাদা ক্যাম্পাসে অবস্থিত এবং দপ্তরের প্রবেশমুখে কোন গেইট নেই। দপ্তরে বাউন্ডারী ওয়াল রয়েছে যা জরাজীর্ণ এবং বেশ কিছু জায়গায় ভেঙ্গে পড়েছে যার ফলে দাপ্তরিক নিরাপত্তা হুমকির মুখে পড়েছে। দপ্তরে সরকারি গাড়ি ও বিভিন্ন সফিসটিকেটেড যন্ত্রপাতিসহ অনেক মূল্যবান জিনিস রয়েছে কিন্তু গেইট না থাকার	পরবর্তী মাসিক মিটিংয়ে এ বিষয়টি তুলে ধরার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার কে অনুরোধ করা হয়। এ ব্যাপারে সার্বিক সহায়তার জন্য প্রশাসক, উপজেলা	প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর। পৌর প্রশাসক, ঝিকরগাছা, যশোর।

		কারণে সরকারি মূল্যবান এসব সম্পদের নিরাপত্তা বিধান করা কষ্টসাধ্য, উপরন্তু কোন নাইট গার্ড নেই। এছাড়াও, গেইট না থাকায় অত্র দপ্তরটি জনসাধারণের চিনতে অসুবিধা হয় এবং সেবা প্রদানে বিলম্ব সৃষ্টি হয়। বাউন্ডারী ওয়াল এর সংস্কার এর জন্য অধিদপ্তর হতে বরাদ্দ চাহিদা প্রেরণ করা হয়েছে কিন্তু গেইট নির্মাণের জন্য অধিদপ্তর কখনো বাজেট প্রদান করেনা। তাই বর্তমান বাস্তবতার নিরিখে জরুরী ভিত্তিতে অত্র দপ্তরে নামফলক সম্বলিত একটি গেইট নির্মাণ প্রয়োজন।	পরিষদ, ঝিকরগাছা, ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর এবং পৌর প্রশাসক, ঝিকরগাছা, যশোর মহোদয় কে বিশেষভাবে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিকরগাছা, যশোর।
৩	মৎস্য খামার বিনামূল্যে নিবন্ধন সংক্রান্ত	মৎস্য খামারের নিবন্ধন এর জন্য এ পর্যন্ত ৩২ টি আবেদন জমা পড়েছে, এ ব্যাপারে কার্যক্রম চলমান রয়েছে।	মৎস্য চাষীদের বিনামূল্যে নিবন্ধন কার্যক্রম জোরদার এর লক্ষ্যে বছরব্যাপী কার্যক্রম চলমান থাকবে।	সহকারী কমিশনার (ভূমি), ঝিকরগাছা, যশোর। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ঝিকরগাছা, যশোর।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ভূপালী সরকার)
প্রশাসক

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর
ও

সভাপতি

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং: ৩৩.০১.৪১২৩.১০১.২৭.০১৯.২৪-৫১৩

তারিখ: ২১ আশ্বিন ১৪৩২ বঃ
০৬ অক্টোবর ২০২৫ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

২। উপজেলা কৃষি কর্মকর্তা, ঝিকরগাছা যশোর।

৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ঝিকরগাছা, যশোর।

৪-৬। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, হাজিরবাগ/শংকরপুর/বীকড়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।

৭। দপ্তর নথি।


(ডাঃ মাসুমা আখতার)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ঝিকরগাছা, যশোর।

মেবাইল নম্বরঃ ০১৩২৪-২৮৯৭৪৭

ই মেইলঃ ulojhikargacha@gmail.com

ও

সদস্য সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ঝিকরগাছা, যশোর।